Thomas Jefferson Middle School

আমাদের নিজেদেরকে, আমাদের ভবিষ্যত এবং আমাদের পৃথিবীকে বুঝতে এবং উন্নত করতে একত্রে শিক্ষালাভ করা।

শুভেচ্ছা Jefferson Middle School শিক্ষার্থী ও পরিবারবর্গ,

এটি অবিশ্বাস্য লাগছে যে আমরা 2019-20 শিক্ষাবর্ষের জন্য Jefferson Middle School উদ্ঘাটন করার থেকে মাত্র দু সপ্তাহ দূরে— বৃহস্পতিবার, 29 আগস্ট, 2019 ওরিয়েন্টেশন দিয়ে শুরু ও মঙ্গলবার, 3 সেপ্টেম্বর, 2019 এ স্কুলের প্রথম দিন। আমরা Alice West Fleet Elementary School-এ আমাদের অল্পবয়স্ক প্রতিবেশীদের তাদের নতুন ভবনে যাওয়ার সাথে সাথে স্বাগত জানাতে এবং 19 আগস্ট, 2019 এর সপ্তাহে আমাদের নিজস্ব Jefferson-এর শিক্ষক এবং কর্মীরা ফিরে এলে তাদের সাথে সাক্ষাত করতে উদগ্রীব। এই তারিখগুলি অবধি, আমরা দৃশ্যের পিছনে এবং সম্প্রদায়গুলির মধ্যে ব্যস্ত থাকি, একটি মসৃণ রূপান্তর নিশ্চিত করতে আমরা সমস্ত দিকে কাজ করি।

আমি টিজেএমএস (TJMS) এর মূল সদর প্রবেশদ্বার ও তার পাশাপাশি আমাদের ব্যক্তিগত গ্রেড স্তরের প্রবেশদ্বারগুলি পুনরায় উদ্ঘাটন করার কথা ঘোষণা করতে পেরে আনন্দিত! স্কুলের বাসগুলি আমাদের মূল প্রবেশদ্বারের কাছে আমাদের নতুন বাস লেনে উঠিয়ে নেবে এবং নামিয়ে দেবে। এছাড়াও, এস. ওল্ড গ্লিব রোডে Alice West Fleet Elementary School সংলগ্ন একটি নতুন পিতামাতা/অভিভাবকদের নামানো এবং তুলে নেওয়ার লেন রয়েছে। শিক্ষার্থীরা তাদের গ্রেড স্তরের প্রবেশদ্বারগুলি অ্যাক্সেস করার জন্য বাস এবং পিতামাতার নামানো এবং উঠিয়ে নেয়ার স্থান থেকে হাঁটাপথগুলি ব্যবহার করবে। বাইক চালকরা বাইকগুলি সুরক্ষিত রাখতে প্রধান সম্মুখস্থ প্রবেশদ্বারের কাছে অবস্থিত বাইক র্যাকগুলি ব্যবহার করতে পারেন। আগমনে, শিক্ষার্থীরা তাদের গ্রেড অনুযায়ী স্কুল ভবনে প্রবেশ করবে।

- *ষষ্ঠ গ্রেড – দরজা 17*
- *সপ্তম গ্রেড – দরজা 16*
- *অষ্টম গ্রেড – দরজা 15*

স্কুল ছুটিরের সময়, শিক্ষার্থীরা তাদের যথাযথ গ্রেড স্তরের দ্বারগুলি দিয়ে বেরিয়ে যাবেন।

পরিবারগুলিকে 1ম দিনের জন্য প্রস্তুত হতে সহায়তা করার জন্য আমরা 2019-20 সালের জন্য Thomas Jefferson Middle School শিক্ষার্থীদের স্কুলে আসা ও স্কুল ছুটির পদ্ধতি গড়ে তুলতে Arlington Public Schools পরিবহন অফিস এবং আর্লিংটন কাউন্টি পরিবহন বিভাগের সাথে কাজ করে যাচ্ছি। আমরা আপনাকে আপনার সুবিধা অনুযায়ী যত শীঘ্র সম্ভব এই বিস্তৃত নথি এবং অন্যান্য সংস্থানগুলিকে অনলাইনে পর্যালোচনা করতে প্ররোচিত করি।

*আপনাদের সমর্থনের জন্য আমরা আমাদের **পিতামাতা-শিক্ষক সংঘ** (PTA) এবং সমগ্র Jefferson সম্প্রদায়কে ধন্যবাদ জানাই। 2019-20 শিক্ষাবর্ষের একটি সফল আরম্ভ নিশ্চিত করতে আমরা গ্রীষ্মের অবশিষ্ট সপ্তাহগুলিতে শিক্ষার্থী, পরিবার এবং কর্মীদের সাথে একত্রে কাজ করার প্রত্যাশায় রয়েছি।*

অধ্যক্ষ কেইশা বোগান
keisha.boggan@apsva.us

JEFFERSON MIDDLE SCHOOL

2019-20 পরিবহন আপডেট

স্কুলের প্রথম দিনটি শিক্ষার্থীদের বাড়ি থেকে বেরোনোর মিনিটের মধ্যেই শুরু হয়ে যায়, তাই শিক্ষার্থীরা বাসে, হেঁটে অথবা বাইকে যাতেই আসুন না কেন, সময়ের আগে যাত্রাটি পরিকল্পনা এবং পরীক্ষা করা পরিবারের পক্ষে গুরুত্বপূর্ণ। আপনার যাতায়াত পরিকল্পনাকে সমর্থন করার জন্য, এই 2019-20 পরিবহন আপডেটটির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষার্থীদের স্কুলে আসা ও স্কুল ছুটির পদ্ধতির হাইলাইট ও Jefferson Middle School যাতায়াতের জন্য পরিবহন বিষয়ক অন্যান্য জানার জন্য প্রয়োজনীয় তথ্য, পরিবহনের প্রকার দ্বারা নির্দিষ্ট সংস্থান এবং সকলের জন্য পরিবহন সুরক্ষা সরঞ্জাম এবং উপদেশসমূহ।

স্কুলের বাস

Jefferson-এর বাসের যোগ্যতা অঞ্চলে (বাসের যোগ্যতা অঞ্চলের মানচিত্রের তামাটে রঙের অংশটি দেখুন) বসবাসকারী সমস্ত শিক্ষার্থীকে স্কুলের বাস নিয়োগ করা হবে এবং তাদেরকে স্কুলের বাসটি নিতে উৎসাহিত করা হয়।

- 2019-20 এর জন্য স্কুলের বাস নিয়োগগুলি 22 ই আগস্ট, বৃহস্পতিবারের মধ্যে পরিবারগুলির কাছে মেল করে পাঠিয়ে দেওয়া হবে। নিয়োগগুলি ParentVueতেও উপলব্ধ হবে।
- Jefferson-এর শিক্ষার্থীরা যারা তাদের বাড়ির আশেপাশের স্কুলগুলি থেকে স্থানান্তরিত হয়েছেন তাদেরকে কেন্দ্রীভূত "হাব স্টপ" অবস্থান অথবা Jefferson-এর সীমানার মধ্যে নিকটস্থ বাস স্টপগুলি নিয়োজিত করা হচ্ছে। শিক্ষার্থীদেরকে তাদের বাড়ির নিকটতম স্টপ নিয়োজিত করা হবে। হাব স্টপগুলি সম্পর্কে আরও তথ্য অনলাইনে উপলব্ধ।
- 2019-20 সালের জন্য APS স্কুলের বাস পরিবহন সম্পর্কিত সাধারণ তথ্য অনলাইনে পোস্ট করা হয়েছে।
- Jefferson স্কুলের বাসের নামিয়ে দেওয়া, দাঁড়ানো এবং উঠিয়ে নেওয়াটি মূল প্রবেশের প্লাজার সামনে ক্যাম্পাসের উত্তর-পশ্চিম কোণে অবস্থিত বাসের লুপে ঘটবে। শিক্ষার্থী আগমন এবং নিরসন পদ্ধতির 4 নম্বর পৃষ্ঠায় মানচিত্র A দেখুন।

- আরও নির্দিষ্ট বিবরণের জন্য Jefferson-এর শিক্ষার্থী আগমন এবং নিরসন পদ্ধতির **স্কুলের বাস** বিভাগটি (পৃষ্ঠা 2) দেখুন।

হাঁটা/বাইক চালানো

বাস পরিষেবার জন্য অঞ্চলভুক্ত করা হয়নি Jefferson-এর আশেপাশের এমন অঞ্চলগুলিতে বাসরত শিক্ষার্থীদেরকে (বাস যোগ্যতা অঞ্চলের মানচিত্রের গোলাপী অংশটি দেখুন) হাঁটা অথবা বাইকে করে আসার জন্য প্রোৎসাহিত করা হয়। আপনাকে পরিকল্পনা করতে সহায়তা করার জন্য এখানে কয়েকটি সংস্থান রয়েছে:

- বিশেষ নির্দেশিকাগুলি শিক্ষার্থী আগমন এবং নিরসন পদ্ধতির **স্কুলে হেঁটে এবং বাইক চালিয়ে যাওয়া** ভাগটিতে (পৃষ্ঠা 1) রেখাঙ্কিত করা রয়েছে।
- বাইক র্যাকগুলি ক্যাম্পাসের একাধিক স্থানে উপলব্ধ। র্যাকগুলির অবস্থানের জন্য শিক্ষার্থী আগমন এবং নিরসন পদ্ধতিটির 4 নম্বর পৃষ্ঠায় মানচিত্র A দেখুন।

পারিবারিক যানবাহন

APS পরিবারগুলিকে স্কুলে যাতায়াতের জন্য সমস্ত সম্ভাব্য বিকল্পগুলি অন্বেষণ করতে এবং যথাসম্ভব স্বাস্থ্যকর, সবুজ পরিবহণ পদ্ধতি ব্যবহার করতে প্রোৎসাহিত করে। আপনাকে যদি সত্যিই গাড়ি চালিয়ে আসতে হয় তাহলে অনুগ্রহ করে মনে রাখবেন যে:

- পারিবারিক যানবাহন সারিবদ্ধভাবে রাখা এবং প্রচলন সাউথ ওল্ড গ্লিব রোড বরাবর সঞ্চালিত হবে। Jefferson-এর শিক্ষার্থী আগমন এবং নিরসন পদ্ধতিটির 5 নম্বর পৃষ্ঠায় মানচিত্র B দেখুন।
- পারিবারিক যানবাহন দ্বারা শিক্ষার্থীদের নামানো এবং উঠিয়ে নেওয়ার কাজটি কেবলমাত্র বাঁক বরাবর এবং মনোনীত নামানো এবং উঠিয়ে নেওয়ার অঞ্চলেই সঞ্চালিত হতে হবে। শিক্ষার্থীদের রাস্তার উপরে যানবাহন থেকে নেমে যাওয়ার অনুমতি নেই।
- স্কুলে আসা ও স্কুল ছুটির সময় যানজট এড়াতে / কমাতে পরিবারগুলি যেখানে সম্ভব সেখানে কারপুলিং করে এবং/অথবা স্কুলের নিকটস্থ দূরবর্তী নামানো এবং উঠিয়ে নেওয়ার অঞ্চল চিহ্নিত করে সহায়তা করবে (2017-19 সালে নির্মাণের সময় অনেক পরিবার যেমন করেছিলেন)।
- *অতিথি পার্কিং:* একটি ঝটিকা থামার জন্য ভবনের মধ্যে প্রবেশ করা (আপনার শিক্ষার্থীকে উঠিয়ে নেওয়া অথবা কোনো কিছু নামানোর জন্য) অথবা কোনো সভা বা বিদ্যালয়ের কার্যক্রমে অংশ নেওয়া, যাই হোক না কেন অনুগ্রহ করে নিম্নলিখিত পার্কিং বিকল্পগুলি ব্যবহার করুন। সকাল 9:00 টার আগে 2নম্বর স্ট্রিট বরাবর অথবা নিকটবর্তী স্থানে এবং সকাল 9:00 টা থেকে দুপুর 2 টার মধ্যবর্তী সময়কালে এস. ওল্ড গ্লিব রোডে পার্ক করুন। যদি ফাঁকা স্থান উপলব্ধ থাকে তাহলে অভ্যাগতরা বিকেল 8 টার পরে গ্যারেজে পার্ক করতে স্বাগত। Thomas Jefferson Middle School এর থিয়েটারের দিকে এডিএ-সম্মতিযুক্ত পার্কিং স্থান উপলব্ধ। এছাড়াও, টেনিস কোর্ট সংলগ্ন স্থানেও জনগণের জন্য পার্কিং উপলব্ধ।
- গুরুত্বপূর্ণ নির্দেশিকাগুলি Jefferson শিক্ষার্থী আগমন এবং নিরসন পদ্ধতির **নিজস্ব যানবাহন মাধ্যমে নামানো এবং উঠিয়ে নেওয়া** বিভাগটির (পৃষ্ঠা 2-3) মধ্যে রেখাঙ্কিত করা আছে।

পরিবহন ও সুরক্ষা সমর্থন

আমাদের নিত্যযাত্রী শিক্ষার্থী এবং পরিবারদের সহায়তা করার জন্য Jefferson নিম্নলিখিতদের কাছ থেকে সহায়তা লাভ করবে:

- আমাদের আবর্তিতমান আর্লিংটন কাউন্টি পুলিশ বিভাগের ক্রসিং গার্ড, যাদেরকে সাউথ ওল্ড গ্লিব রোড এবং 2 নম্বর সাউথ রোডের মোরে প্রতিদিন স্কুলে আসা ও স্কুল ছুটির সময় দাঁড় করিয়ে রাখা হবে।
- আমাদের স্কুল পরিবহন সমন্বয়কারী হলেন জেরেমি সিগেল, যাকে 703-228-5904 নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

আইন প্রয়োগে সহায়তা

নিম্নলিখিত মাধ্যমে APS আর্লিংটন কাউন্টি পুলিশের সাথে পরিবহন সুরক্ষা প্রয়োজনীয়তাগুলি পূর্বাণুমান এবং সমর্থন করার জন্য কাজ করছে:

- স্কুল খোলার বিষয়ে বার্তা সহকারে চালকদের সতর্ক করতে কাউন্টিব্যাপী একাধিক স্থানে পরিবর্তনশীল বার্তা-চিহ্ন স্থাপন করে (অরলিংটন কাউন্টি ফেয়ারের পরে আগস্টে শুরু হচ্ছে)
- স্কুল খোলার আগে থেকে প্রয়োগের প্রচেষ্টা পরিচালনা করে (আগস্টে শুরু)
- স্কুলের প্রথম সপ্তাহে মূল চৌরাস্তায় অধিকারীদের নিযুক্ত করে

পরিবহন সুরক্ষা উপদেশসমূহ

স্কুলে, স্কুল থেকে এবং তার কাছাকাছি যাওয়ার সময়, অনুগ্রহ করে নিম্নলিখিতগুলি মনে রাখবেন:

- গাড়ি চালান, হাঁটুন বা সাইকেল চালান, যাই করুন না কেন সতর্ক থাকুন এবং আপনার চারপাশে মনোযোগ দিন
- আপনার মোবাইল ডিভাইসটি থেকে সংযোগ বিচ্ছিন্ন করুন এবং ইয়ারবাডগুলি সিরয়ে দিন
- চিহ্নিত ক্রসওয়াকগুলি দিয়ে রাস্তা পার করুন
- সমস্ত নিয়ন্ত্রক চিহ্ন এবং ট্র্যাফিক লাইটগুলি মেনে চলুন

সমস্ত প্রকারগুলির জন্য সুরক্ষা উপদেশসমূহ এবং সক্রিয় পরিবহন সংস্থানের একটি সম্পূর্ণ তালিকার জন্য APS **স্কুলে যাওয়ার সুরক্ষিত পথসমূহ অয়েবপৃষ্ঠাটিতে** যান।

স্কুল খোলার পর Peachjar মাধ্যমে আগত অতিরিক্ত APS এবং স্কুলে যাওয়ার সুরক্ষিত পথসমূহ সুরক্ষা সামগ্রীগুলির জন্য অপেক্ষারত থাকুন।

পরিবহন সুরক্ষা সংস্থান এবং সরঞ্জামসমূহ

সুরক্ষা হল আমাদের প্রথম অগ্রাধিকার। নিম্নলিখিত সংস্থানগুলি উপলব্ধ এবং আমরা আপনাকে সেগুলি ব্যবহার করতে প্রোৎসাহিত করি:

অনলাইন সংস্থানসমূহ (উপলব্ধতা অনুসারে Jefferson-এর ওয়েবসাইটে পোস্ট করা)

- Jefferson-এর বাস যোগ্যতা অঞ্চল মানচিত্র
- স্কুল বাস সারিবদ্ধভাবে দাঁড়ানো নামানো/মানচিত্র A
- ক্যাম্পাসে যাওয়ার পথে হাঁটা/বাইকের অ্যাক্সেস এবং বাইক পার্ক করার অবস্থানসমূহ /মানচিত্র A
- পারিবারিক যানবাহন মাধ্যমে নামানো / উঠিয়ে নেওয়ার মানচিত্র / মানচিত্র বি
- স্কুলে যাওয়ার সুরক্ষিত পথসমূহ (SRTS) সংস্থান
    - পথচারীদের নিরাপত্তা

- বাইক নিরাপত্তা
- হাঁটা পথে স্কুলের বাসের তথ্য (মধ্য বিদ্যালয়ের জন্য অভিযোজ্য)
- বাইক ট্রেন তথ্য (মধ্য বিদ্যালয়ের জন্য অভিযোজ্য)
- অর্থের সুযোগসুবিধা (এসআরটিএস সংক্ষিপ্ত-অনুদান)

সরঞ্জাম এবং সরবরাহ
কর্মী / পিতামাতা স্বেচ্ছাসেবীদের জন্য প্রতিফলনকারী পোশাক
পরিবার/কর্মচারীদের জন্য ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় ShareVaRoads পকেট নির্দেশিকা

অগ্রিম প্রস্তুতি

APS Jefferson-এর পরিবার, কর্মী এবং সম্প্রদায়ের সাথে আমাদের 2019-20 শিক্ষাবর্ষে যতটা সম্ভব নির্বিঘ্নে রূপান্তর করতে, Alice West Fleet Elementary School ওয়েস্ট ফ্লিট প্রাথমিক বিদ্যালয়ের উদ্বোধনকে সমর্থন করার জন্য এবং আমাদের সমস্ত শিক্ষার্থী নিরাপদে স্কুলে আগত এবং নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা Fleet Elementary School এর প্রশাসক, কর্মচারী এবং পরিবারগুলির সাথে আগমন এবং নিরসন পদ্ধতিগুলিকে যথাযথভাবে গড়ে তুলতে এবং আমাদের শেয়ার করে নেওয়া পরিবহন সংস্থান এবং স্থানগুলিরর ব্যবহারে সহায়তা প্রদানের জন্য নিবিড়ভাবে কাজ করে যাচ্ছি। পরিকল্পনার উদ্দেশ্যে অনুগ্রহ করে ফ্লিট স্কুল দিবসের সময়সূচীটি নোট করুন:

সাধারণ স্কুল দিবস: সকাল 9:00 টা – দুপুর 3:41
শীঘ্র ছুটি: দুপুর 1:26
দুই ঘন্টা বিলম্ব: সকাল 11:00 টা
বর্ধিত দিবস কর্মসূচি:
সকাল সকাল 7:00 টা – সকাল 8:45
দুপুর দুপুর 3:41 – সন্ধ্যা 6:00 টা
স্কুল পরবর্তী ক্লাব/ মানবিক উন্নয়ন: বিকাল 3:45 – বিকাল 4:45

সুরক্ষার কথা এলে, আমাদের সকলেরই একটি ভূমিকা রয়েছে এবং আমরা অগ্রিম প্রস্তুতির গুরুত্বের উপর আর কতই বা জোর দিতে পারি। আপনার এবং আপনার শিক্ষার্থীর পক্ষে সবচেয়ে ভাল কি তা আপনি জানেন, তাই আমরা আপনাকে পায়ে হেঁটে, বাইকে অথবা স্কুলের বাসে, যাই হোক না কেন আপনার শিক্ষার্থীর স্কুলে যাতায়াতের মানচিত্র তৈরি করতে সামনের সপ্তাহগুলিতে এই পরিবহন সংস্থান এবং সুযোগগুলির সদ্ব্যবহার করতে প্রোৎসাহিত করি।